যুক্তরাষ্ট্রের মিশিগানে বাংলা প্রেসক্লাবের যাত্রা শুরু, নেতৃত্বে হেলাল - ইকবাল

যুক্তরাষ্ট্রের মিশিগান থেকে সুলায়মান আল মাহমুদ :

- প্রবাসে বাংলা ভাষা, সংস্কৃতি, সাহিত্য, শিক্ষা, খেলাধুলা, ব্যবসা-বাণিজ্য, সামাজিক কর্মকাণ্ড এবং চাকরি ক্ষেত্রে বাংলাদেশি-আমেরিকানরা অভুতপূর্ব সাফল্য অর্জন করছে। জীবন যুদ্ধে কঠোর পরিশ্রম করা মানুষগুলোর সফলতা, সুখ-দুঃখ-দুর্দশার কাহিনী এবং এখানে বেড়ে উঠা প্রজন্মের সাফল্য-গাথা অর্জনগুলো প্রতিনিয়ত প্রকাশিত হচ্ছে গণমাধ্যমে। সেই সব সংবাদ কর্মীদের সমন্বয়ে মিশিগানে বসবাসরত বাংলাদেশি-আমেরিকান কল্যাণে কাজ করার প্রত্যয় নিয়ে বাংলা প্রেসক্লাব মিশিগানের পথচলা শুরু হয়েছে। এ লক্ষ্যে সম্প্রতি মিশিগান রাজ্যের ওয়ারেন সিটির একটা হলরুমে বাংলাদেশি সংবাদ কর্মীদের এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এ সময় সবার সমর্থনে বাংলা প্রেসক্লাব মিশিগাগের ১৭ সদস্যবিশিষ্ট কার্যকরী কমিটি ঘোষণা করা হয়।

প্রেসক্লাব প্রতিষ্ঠার নতুন কমিটির সভাপতি মনোনীত হন মানবজমিনের বিশেষ প্রতিনিধি হেলাল উদ্দীন রানা এবং সাধারণ সম্পাদক বাংলা সংবাদ পত্রিকার সম্পাদক ইকবাল ফেরদৌস।

কমিটির সহ-সভাপতি হলেন ঠিকানা পত্রিকার বিশেষ প্রতিনিধি সৈয়দ সাহেদুল হক, এনটিভি প্রতিনিধি সেলিম আহমেদ, আরটিভি প্রতিনিধি কামরুজ্জামান হেলাল, যুগ্মসাধারণ সম্পাদক উত্তর আমেরিকা প্রথম আলো প্রতিনিধি ফারজানা চৌধুরী পাঁপড়ি, সাংগঠনিক সম্পাদক দৈনিক যুগান্তর প্রতিনিধি তোফায়েল রেজা সোহেল, কোষাধ্যক্ষ পদে বাংলাদেশি প্রতিদিন প্রতিনিধি আশিকুর রহমান, প্রচার সম্পাদক দৈনিক উত্তর-পূর্ব প্রতিনিধি জুয়েল খান, দপ্তর সম্পাদক হবিগঞ্জের মুখ পত্রিকার বিশেষ প্রতিনিধি রফিকুল হাসান চৌধুরী তুহিন, ক্রীড়া সম্পাদক মীরপরবাস পত্রিকার দেওয়ান কাউসার, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক ঠিকানা পত্রিকার প্রতিনিধি শফিকুর রহমান।

কার্যকরী কমিটির সদস্য হয়েছেন - দৈনিক খোয়াই সম্পাদক শামীম

আহসান, সুপ্রভাত মিশিগান সম্পাদক চিম্ময় আচার্য্য, ফ্রিল্যান্স সাংবাদিক মোহাম্মদ মোস্তফা কামাল, উত্তর আমেরিকা প্রথম আলো প্রতিনিধি পার্থ সারথী দেব ও ফ্রিল্যান্স সাংবাদিক সাইফুল আজম সিদ্দীকি। সাধারণ সদস্য মনোনীত হন- দৈনিক মানবকন্ঠের প্রতিনিধি সাহেল আহমদ ও টিভিএন ২৪ প্রতিনিধি মাহফুজুর রহমান শাহীন।